AP-3
২৭/০৪/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডাক অধিদপ্তর, ঢাকা-১২১০।
www.bdpost.gov.bd

নথি নম্বর: ১৪.৩১.০০০০.০৪১.০৪.০০৬.২৪ তারিখ: ২৭.০৪.২০২৬ খ্রি:

**ডাক অধিদপ্তর এর আইনজীবী প্যানেলভুক্তির জন্য বিজ্ঞপ্তি**

ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা কর্তৃক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আইনজীবী প্যানেলভুক্তির জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|
| আইনজীবী প্যানেল | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে প্রার্থীকে আইন বিষয়ে স্নাতক ডিগ্রিধারী হতে হবে (স্নাতকোত্তর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া হবে)। কোনো পরীক্ষায় ৩য় বিভাগ বা শ্রেণী বা সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য না। | ১) উচ্চ আদালতের ক্ষেত্রে প্রার্থীর হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগে এনরোলমেন্ট থাকতে হবে এবং হাইকোর্ট বিভাগে ০৫ (পাঁচ) বছরের মামলা পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে।<br>২) প্রার্থীকে দেওয়ানি আইন, ফৌজদারি আইন, বাংলাদেশের শ্রম আইন, চাকুরী সংক্রান্ত বিধি-বিধান, প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন, চুক্তি আইন, ভূমি সংক্রান্ত আইন, সরকারি পাওনা আদায়, সালিশি আইন, অন্যান্য আইন ও বিধি-বিধান এবং আরবিট্রেশন বিষয়ে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |

**শর্তাবলী:**

১। প্রাথমিকভাবে নিয়োগের মেয়াদ ০১ (এক) বছর হবে। তবে এক বছর সাফল্যের সাথে অর্পিত দায়িত্ব সমাপ্তের পর কর্তৃপক্ষ প্যানেল আইনজীবী উভয়ের সম্মতিক্রমে নিয়োগের মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। নিয়োগ এর পর কোন কারণে নিয়োগের অবসান ঘটাতে হলে যে কোন পক্ষ ০১ (এক) মাসের অগ্রিম লিখিত নোটিশ প্রদান করে নিয়োগ বাতিল করতে পারবেন।

২। কর্তৃপক্ষের প্রয়োজন অনুসারে নিয়োজিত প্যানেল আইনজীবীকে যে বিষয়ে দায়িত্ব প্রদান করা হবে সে বিষয়ে অভিজ্ঞতা/পারদর্শিতার আলোকে বিভিন্ন ধরনের মামলা যেমন দেওয়ানি আইন, ফৌজদারি আইন, বাংলাদেশের শ্রম আইন, চাকুরী সংক্রান্ত বিধি-বিধান, প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন, চুক্তি আইন, ভূমি সংক্রান্ত আইন, সরকারি পাওনা আদায়, সালিশি আইন, অন্যান্য আইন ও বিধি-বিধান এবং আরবিট্রেশন মামলাসমূহ কেইস-টু-কেইস ভিত্তিতে পরিচালনা/মামলা দায়ের করার দায়িত্ব প্রদান করা হবে। ডাক অধিদপ্তর এর স্বার্থ আছে এমন কোন মামলায় তিনি এই প্রতিষ্ঠানের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

৩। নিয়োগকৃত প্যানেল আইনজীবী মামলা পরিচালনা বাবদ ডাক অধিদপ্তর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি শিডিউল থেকে সরকার নির্ধারিত সকল প্রকার ভ্যাট ও ট্যাক্স কর্তণপূর্বক বিল প্রদান করা হবে।

৪। যে কোন আদালত বা বার কাউন্সিল কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে আবেদন করার ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হবেন।

৫। অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী চূড়ান্তভাবে নির্বাচিত প্যানেল আইনজীবীর নিয়োগপত্রে উল্লেখ করা হবে।

৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিমার্জন/পরিবর্তন/স্থগিত/বাতিল করতে পারবেন।

**আবেদনকারী-কে সাদা কাগজে বা নিজস্ব প্যাডে নিম্নবর্ণিত তথ্য ও চাহিদা পরিপালনপূর্বক আবেদন করতে হবে:**
**(ক্রমিক নং ৭ হতে ১২)**

৭। (ক) নাম (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ও বর্তমান/চেম্বারের ঠিকানা (ফোন নাম্বার ও ই-মেইল আইডিসহ), (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয় পরিচয়পত্র, (ছ) শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ (জ) মহামান্য আপিল বিভাগ/হাইকোর্ট বিভাগ ও বিজ্ঞ জেলা জজকোর্ট আইনজীবী হিসেবে তালিকাভুক্তির সনদ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্যভুক্তির তথ্য (ঝ) অভিজ্ঞতা এবং (ঞ) অন্য কোন প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে সে প্রতিষ্ঠানের নাম।

৮। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি (রঙ্গিন) ছবি, আবেদনপত্রে উল্লেখকৃত তথ্যের সপক্ষে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের কপি এবং জাতীয় পরিচয়পত্রের কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৯। আবেদনকারীকে মহাপরিচালক, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২১০ বরাবর ৫০০ (পাঁচশত) টাকা মূল্যমানের ক্রসড পোস্টাল অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১০। আগ্রহী আইনজীবীগণ-কে আগামী ১৭/০৫/২০২৬ খ্রি: তারিখের মধ্যে মহাপরিচালক, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২১০ বরাবর ঠিকানায় আবেদন ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।

১১। অসম্পুর্ণ, ত্রুটিপূর্ণ ও আবেদনের শেষ তারিখের পরে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল কাগজপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭/৪/২৬

খান হাসান মোহাম্মদ ইকবাল মাসুদ
পরিচালক (তদন্ত ও পরিদর্শন)
ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২১০।